দেখা না-দেখায় মেশা   হে বিদ্যুৎলতা,
কাঁপাও ঝড়ের বুকে   একি ব্যাকুলতা ॥
    গগনে সে ঘুরে ঘুরে   খোঁজে কাছে, খোঁজে দূরে—
    সহসা কী হাসি হাস';    নাহি কহ কথা ॥
আঁধার ঘনায় শূন্যে,   নাহি জানে নাম,
কী রুদ্র সন্ধানে সিন্ধু   দুলিছে দুর্দাম।
    অরণ্য হতাশপ্রাণে   আকাশে ললাট হানে,
    দিকে দিকে কেঁদে ফেরে   কী দুঃসহ ব্যথা ॥

---

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Megh-Malhar
Visit www.geetabitan.com for notation and other detail